আলমডাঙ্গায় জেএসসি পরিক্ষার পরিদর্শকদের প্রশিক্ষণ

আলমডাঙ্গায় জেএসসি পরিক্ষার পরিদর্শকদের একদিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

গতকাল সকাল ১০ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত প্রশিক্ষণ চলে। প্রশিক্ষণে সভাপতিত্ব করেন মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারি।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষনার্থীদের উদ্যেশ্যে বক্তব্য দেন, উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

তিনি বলেন আপনারা যারা পরিক্ষায় পরিদর্শকের দায়িত্ব পালন করবেন, তাদের কে আমার বিশেষ ভাবে অনুরোধ রইল আপনারা যার যার দায়িত্ব সঠিক ভাবে পালন করবেন।

নইলে যার কক্ষে অসদুপায়ের আলামত পাব সেই কক্ষের শিক্ষক বা কক্ষ পরিদর্শককে বহিস্কার করা হবে।

সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, প্রধান শিক্ষক নুরুল ইসলাম, প্রধান শিক্ষক আবু তৈয়ব সহ প্রায় ৯০ জন প্রশিক্ষনার্থী অংশ গ্রহন করেছিল।

উল্লেখ্য আগামি ২নভেম্বর থেকে জেএসসি পরিক্ষা শুরু হবে। এ বিষয়ে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শহরে মাইকিং করে প্রচার করেছেন,পরিক্ষা কেন্দ্রের ১ শত গজের মধ্য ১৪৪ ধারা জারি থাকবে।

আলমডাঙ্গা প্রতিনিধি

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেফতার ২

দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪ বোতল ফেনসিডিল সহ দুজন কে গ্রেফতার করেছে।

গতকাল বুধবার সকাল ১১ টার দিকে দর্শনা তদন্ত কেন্দ্রের ইনচার্জ শেখ মাহবুবুর রহমানের নেতৃত্বে মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা পৌর সভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে।

এ সময় দর্শনা তদন্ত কেন্দ্রের এস আই জাকির হোসেন সঙ্গীয় ফোর্স সহ দুজন মাদক ব্যাবসায়ী কে ৪ বোতল ভারতীয় ফেনসিডিল সহ গ্রেফতার করে।

গ্রেফতার কৃত আসামীরা দর্শনা পৌর এলাকার মোহাম্মদপুর গ্রামের ফজল আলীর ছেলে রাসেল (২৫) ও চুয়াডাঙ্গা তালতলা গ্রামের আশরাফুল আলমের ছেলে রোকন (৪০) কে ঈশ্বরচন্দ্রপুর গ্রাম থেকে তাদের দেহ তল্লাশী করে ৪ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

গতকালই তাদের দুজনের বিরুদ্ধে মাদক আইনে দামুড়হুদা মডেল থানায় এস আই জাকির হোসেন বাদি হয়ে মামলা দায়ের করেন।

- দর্শনা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় ট্রাক্টর উল্টে ইটভাটা শ্রমিক নিহত

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার খাদিমপুরে বালিভর্তি ট্রাক্টর উল্টে আব্দুল মালেক (৫৫) নামে এক ইটভাটা শ্রমিক নিহত হয়েছেন। আহত হয়েছেন ট্রাক্টর চালক শামুন হোসেন। বুধবার দুপুরে খাদিমপুর গ্রামের ইটভাটায় এ দূর্ঘটনা ঘটে। নিহত আব্দুল মালেক ভালাইপুর এলাকার মৃত আবদার মল্লিকের ছেলে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) সৈয়দ আশিকুর রহমান জানান, বুধবার দুপুরে আলমডাঙ্গা উপজেলার কয়রাডাঙ্গা গ্রামের কেডিবি ব্রিকসের একটি ট্রাক্টর বালিভর্তি করে ইটভাটার দিকে যাচ্ছিলো। এসময় ট্রাক্টর চালক নিয়ন্ত্রণ হারিয়ে পাশের একটি পুকুরে উল্টে পড়ে যায়। এতে ট্রাক্টরের ওপরে থাকা ইটভাটা শ্রমিক মালেক ট্রাক্টরের নিচে চাপা পড়ে ঘটনাস্থলেই মারা যান। গুরুতর আহত হন

ট্রাক্টর চালক শামুন হোসেন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক ডা. কানিজ নাঈমা জানান, আহত শামুনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরের পরামর্শ দেয়া হয়েছে।
-চুয়াডাঙ্গা প্রতিনিধি

১ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা ও দর্শনায় যাত্রাবিরতি করবে ‘বেনাপোল এক্সপ্রেস’

আগামী ১ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা ও দর্শনাসহ চারটি স্টেশনে যাত্রাবিরতি করবে ঢাকা-বেনাপোল রুটে চলাচলকারী ‘বেনাপোল এক্সপ্রেস’। রাজধানী ঢাকা ও দেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোলের মধ্যে বিরতিহীন চলাচলকারী ট্রেনটির যাত্রাপথে চারটি স্টেশনে বিরতির সিদ্ধান্ত নিয়েছে রেলওয়ে কর্তৃপক্ষ।

এর ফলে এ অঞ্চলের ঢাকাগামী যাত্রীরা বাড়তি একটি ট্রেন পেতে যাচ্ছে। যাত্রাপথে বিরতি পাওয়া অন্য দুটি স্টেশন হলো, ঝিনাইদহের কোর্টচাঁদপুর ও যশোরের ঝিকরগাছা।

চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টার মিজানুর রহমান জানান, বেনাপোল এক্সপ্রেস ট্রেনে চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী যাত্রীদের জন্য মোট ১১০টি আসন রাখা হয়েছে। যার মধ্যে শোভন চেয়ার ৯২টি, এসি কেবিনে চেয়ার আটটি ও এসি চেয়ার ১০টি। ফিরতি পথে (ঢাকা থেকে) এসি বার্থ চারটি, এসি চেয়ার ১০টি ও শোভন চেয়ার ৭০টিসহ মোট ৮৪টি। এ ছাড়া দর্শনা থেকে ঢাকাগামী ও ফিরতি পথের যাত্রীদের জন্য শোভন ৭০টি ও এসি চেয়ার পাঁচটি রাখা হয়েছে।

মিজানুর রহমান আরো বলেন, বর্তমানে ট্রেনটি ঢাকায় যাওয়ার পথে

বিকেল তিনটা ২৬ মিনিটে ও ফিরতি পথে সকাল ৬টা ২৫ মিনিটে চুয়াডাঙ্গা স্টেশন ত্যাগ করে। প্রাথমিকভাবে ওই সময়টিকে যাত্রাবিরতির জন্য ধরা হয়েছে। চুয়াডাঙ্গা থেকে ঢাকা পর্যন্ত চিত্রা ও সুন্দরবন এক্সপ্রেস ট্রেনে যে ভাড়া নেওয়া হয়, বেনাপোল এক্সপ্রেসের ভাড়াও তা-ই থাকছে। এতে শোভন চেয়ারে ৩৯০ টাকা, এসি চেয়ারে ৭৫০ টাকা ও এসি কেবিন চেয়ারে ৮৯২ টাকা।
-চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় স্বর্ণ পাচার মামলায় একজনের ১৪ বছরের কারাদন্ড

চুয়াডাঙ্গায় স্বর্ণ পাচার মামলায় ইদ্রিস আলী নামের একজনকে ১৪ বছরের কারাদন্ডের আদেশ দিয়েছেন আদালত।

গতকাল মঙ্গলবার বিকালে আসামীর উপস্থিতিতে স্পেশাল ট্রাইব্যুনাল-১ এর বিচারক মোহা. রবিউল ইসলাম এ রায় ঘোষণা করেন। রায় ঘোষণার পর দন্ডপ্রাপ্তকে পুলিশি প্রহরায় চুয়াডাঙ্গা জেলা কারাগারে নেওয়া হয়। দন্ডপ্রাপ্ত ইদ্রিস আলী যশোর জেলার বেনাপোল বন্দর উপজেলার খালসী গ্রামের মৃত সবুর আলী গাজির ছেলে।

মামলার বিবরণ সূত্রে জানা যায়, ২০১৮ সালের ২ জুন ভোরে ভারতে স্বর্ণ পাচার হচ্ছে এমন সংবাদ পেয়ে বিজিবির একটি টহল দল দামুড়হুদা লোকনাথপুর তেল পাম্পের সামনে অবস্থান নেয়। ঘটনাস্থলে বিজিবি সদস্যদের উপস্থিতি টের পেয়ে ইদ্রিস পালিয়ে যাওয়ার চেষ্টা করে। বিজিবি তাকে আটকের পর তার দেহ তল্লাশি করে ৭টি স্বর্ণের বার উদ্ধার করে।

এ ঘটনায় চুয়াডাঙ্গা ৬ বিজিবির নায়েক রাসেল শিকদার বাদী হয়ে দামুড়হুদা থানায় একটি মামলা দায়ের করেন। মামলার তদন্ত কর্মকর্তা দামুড়হুদা থানার এসআই শ্যামল চন্দ্র পোদ্দার ২০১৮ সালের ৩১ আগস্ট ইদ্রিস আলীকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দাখিল করেন।

আদালত এ মামলায় ১১ জন স্বাক্ষীর মধ্যে ৫ জনের স্বাক্ষ্য গ্রহণ করেন। মামলার স্বাক্ষ্য প্রমাণে আসামীর বিরুদ্ধে আনা অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত তাকে ১৪ বছর কারাদন্ড ও ১০ হাজার টাকা জরিমানার আদেশ দেন। একই সাথে আটক স্বর্ণ রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করার আদেশ দেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে প্রবীণ ও নবীনদের সমন্বয়ে খেলাধুলা অনুষ্ঠিত

জীবননগরে প্রবীনদের জীবনমান উন্নয়নের লক্ষে প্রবীণ ও নবীদের সমন্বয় বিভিন্ন ধরনের খেলাধুলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার ওয়েভ ফাউন্ডেশনও মনোহরপুর ইউনিয়ন প্রবীণ কমিটির আয়োজনে প্রবীণ ও নবীনদের সমন্বয় লুডু, দাবা, ক্যারামবোর্ড, ভলিবল সহ বিভিন্ন ধরনের খেলাধুলা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে সকালে ফ্রি বø◌াড গ্রæপিং করার মধ্যে দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। মনোহরপুর ইউনিয়ন প্রবীণ কেন্দ্রের সভাপতি বদর উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর প্রেস ক্লাবের সভাপতি আনোয়ারুল কবির, ওয়েভ ফাউন্ডেশনের সমন্বকারী কামরুজ্জামান যুদ্ধ , সাংবাদিক মিঠুন মাহমুদ , এ আর ডাবলু, ওয়েভ ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির সমন্বকারী ইসরাত জাহান প্রমুখ।
অনুষ্ঠানে খেলাধুলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতারণ করা হয়।

জীবননগর প্রতিনিধ

চুয়াডাঙ্গায় রাষ্ট্রীয় মর্যাদায় মুক্তিযোদ্ধা আহসান বিশ্বাসের দাফন সম্পূর্ণ

তার মৃত্যুতে চুয়াডাঙ্গা জেলার মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা কমিটি নেতৃবৃন্দ শোক প্রকাশ করেছে।

গতকাল মঙ্গলবার রাত ৯ ঘটিকার সময় বলিয়ারপুর জামে মসজিদ প্রাঙ্গণে গার্ড অফ অনার এর মাধ্যমে রাষ্ট্রীয় মর্যাদায় তাকে দাফন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পুলিশ এসপি জিয়াউর রহমান, আলমডাঙ্গা নির্বাহী ম্যাজিস্ট্রেট ভ‚মি সীমা সারমিন ও বিভিন্ন পর্যায়ের রাজনীতিক প্রশাসনিক ও সাংবাদিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

একাত্তরের বীর মুক্তিযোদ্ধা চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের বলিয়ারপুর গ্রামের কৃতি সন্তান মোঃ আহসান বিশ্বাস মঙ্গলবার সন্ধ্যার সময় ইন্তেকাল করেন, মৃত্যুকালে তিনি তিন পুত্র ও তিন কন্যা সহ অনেক গুনগ্রাহী রেখে গেছেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গাই জোরপূর্বক বসতি বাড়ি দখল করে খাল খনন

চুয়াডাঙ্গা জেলার আলমডাংগা উপজেলার নাগদাহ ইউনিয়ানের বলিয়ারপুরে অবৈধভাবে জমি দখল করে খাল খনন করছে এলাকার কিছু প্রভাবশালী ব্যক্তিবর্গ।

সরেজমিনে বলিয়ারপুর গ্রামের মো: ফজলু রহমান, মো: আখের আলী, মো: রবিউল হক, ইদ্রিস আলী, বিশু মন্ডলের জমি দখল করে অবৈধ ও ভুয়া কাগজপ্রত্র দেখিয়ে প্রাই ৫ একর জমি দখল করে বলিয়ার গ্রামের কিছু প্রভাবশালীরা অবৈধভাবে খাল খনন করছে।

এ ব্যাপারে পানি উন্নয়ন বোর্ড চুয়াডাঙ্গা এর প্রকৌশলী জাহিদুল ইসলাম ও পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন কর্মকর্তারা তাদের কে হুমকি দেন এবং বাড়ি ছাড়ার কথা বলেন।

এ ব্যপারে ভুক্তভোগীদের কাছে জানতে চাইলে তারা বলেন আমাদের বাড়ি দখল করে খাল খনন করা হচ্ছে এবং আমাদের বিভিন্ন ভাবে হুমকি ভয়ভীতি দেখানো হচ্ছে এবং এ ব্যপারে প্রশাসনকে কিছু বললে বাড়ি ছারার হুমকি প্রদান করে।

এ ব্যাপারে ভুক্তভোগীর চুয়াডাঙ্গা কোর্টে একটা মামলা দায়ের করেছে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

হাজী বায়োজিদ সভাপতি ও হাজী জাফর সম্পাদক

বাংলাদেশ হাজী সমিতি আলমডাঙ্গা শাখার কমিটি গঠন করা হয়েছে।
গতকাল আলমডাঙ্গা মিয়াপাড়াস্থ হাজী সমিতির কার্যালয়ে মুক্তিযোদ্ধা আলহাজ্ব শমসের মল্লিকের সভাপতিত্বে উপস্থিত ছিলেন আলহাজ্ব বায়োজিদ, মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু, আলহাজ্ব ড.আব্দুস সহিদ, আলহাজ্ব মো: জহুরুল ইসলাম, আলহাজ্ব মো: আব্দুল হাই।

আলহাজ্ব আব্দুল ওহাবের উপস্থাপনায় শুভেচ্ছা বক্তব্য রাখেন আলহাজ্ব শমসের মল্লিক। তিনি বলেন ১৯৯৮ সালে বাংলাদেশ হাজী সমিতি গঠন করা হয়। প্রতিষ্টা লগ্ন থেকে আমি এই সমিতির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে আসছি। বর্তমানে আমার শারিরিক অসুস্থতার কারণে

আমি সভাপতির পদ থেকে অব্যাহতি নিচ্ছি।

প্রতিষ্টা লগ্নে মরহুম হাজী শেখ সামসুদ্দিন আহম্মেদ, হাজী মীর রবিউল হক, উনারা গত হয়েছেন। তাই আমি অনুভব করছি সমিতির নতুন কমিটি গঠন করে এর কর্যক্রম চাঙ্গা করতে।

সভায় হাজী সমিতির গঠন তন্ত্রবিরোধী কার্যকলাপ করায় এবং শৃঙ্খলা ভঙ্গের দায়ে হাজী আব্দুল কাদের কে এবং প্রায় এক বছর সমিতির কোন সভায় উপস্থিত না থাকায় হাজী আবেদ আলী খানকে বহিস্কার করা হয়। পরে শতাধিক হাজী সাহেবদের উপস্থিতিতে

সর্বসম্মতি ক্রমে পাচকমলাপুর দারুল উলুম হাফেজিয়া মাদ্রাসার সিনিয়র শিক্ষক আলহাজ্ব মও: বায়োজিদ হোসেন কে সভাপতি ও আলহাজ্ব শেখ আবু জাফর কে সাধারণ সম্পাদক করে ৪১ সদস্য বিশিষ্ট ৫ বছর মেয়াদী কমিটি গঠন করা হয়েছে।

কমিটি গঠন শেষে হাজী সমিতির সকল সদস্যদের মধ্যহ্ন ভোজের আয়োজন করেন।

আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে আন্তবিভাগ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে আন্তবিভাগ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করেন বর্ষিয়ান রাজনিতি বিদ আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।
গতকাল সোমবার সকাল ১০ টার দিকে সরকারি কলেজ মাঠে খেলার উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সরকারি কলেজের সভাপতি উপজেলা নার্বাহী অফিসার মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন লেখাপড়ার পাশা পাশি খেলা ধুলা তোমাদের শরীর ও মনকে সুস্থ রাখবে। এ ছাড়াও সাংস্কৃতিক অনুষ্টান, ডিবেড, বিতর্ক প্রতিযোগীতা করতে হবে, এতে শিক্ষার্থী জ্ঞান বৃদ্ধি করবে।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু, ভাইস চেয়ারম্যান অ্যাড: সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, বিশিষ্ট শিক্ষানুরাগী উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা।

প্রভাষক মাকসুদুর রহমানের উপস্থাপনায় স্বাগত বক্তব্য রাখেন সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার, মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমোহাম্মদ জকু, কাউন্সিলর জহুরুল ইসলাম, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামিম রেজা, সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম, সম্পাদক সেলিম রেজা তপন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন সহকারি অধ্যাপক মামুনউজ্জামান, শেখ শফিউজ্জামান, মহিতুর রহমান, মোনায়েম, তাপস রশিদ, জামাল উদ্দিন, শরিয়ত উল্লাহ, সেলিম উদ্দিন, আব্দুল ওয়াদুদ, মাহফুজুর রহমান, জামাল উদ্দিন, শিউলি খাতুন, প্রমুখ।

প্রথম খেলা দ্বাদশ শ্রেনীর বিজ্ঞান বনাম মানবিক। ৩০ অক্টোবর সেমিফাইনাল ও ৩১ অক্টোবর ফাইনাল খেলা ও পুরস্কার অনুষ্টিত হবে।

এর আগে পায়রা উড়িয়ে ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করা হয়। উপজেলা ভাইস চেয়ারম্যান সরকারি কলেজকে একটি ফুটবল প্রদান করেন।

আলমডাঙ্গা প্রতিনিধি